**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 10.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling & NR : S. Basu**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হচ্ছে আজ।
# বিভিন্ন দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হবে।

২/ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন ফিরিয়ে আনতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পড়ুয়াদের মধ্যে আজ বৈঠক হতে চলেছে।

৩/ দেশে মোট কত ভুয়ো ভোটার কার্ড রয়েছে, সেই তথ্য চেয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে তৃণমূল কংগ্রেস ।

৪) বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা উচ্চ ফলনশীল মুসুর ডালের এক নতুন প্রজাতি উদ্ভাবন করেছেন।

৫/ ভারত ১২ বছর পর চ্যাম্পিয়ান্স ট্রফি ক্রিকেটের খেতাব জয় করায় আনন্দে মাতোয়ারা রাজ্যের মানুষ।

******************************************************************

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব শুরু হচ্ছে আজ। দিন দশেকের এই অধিবেশনে মূলত বিভিন্ন দফতরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আপাতত দোলের আগে ১৩ই মার্চ পর্যন্ত বিধানসভার কর্মসূচি চূড়ান্ত হয়েছে। রমজান মাসের কারণে অধিবেশন দ্রুত শেষ করার চেষ্টা চলবে। সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে অধিবেশনের সূচনা হবে।

দ্বিতীয়ার্ধে চলতি অর্থ বছরের ব্যয় মঞ্জুরি প্রস্তাব নিয়ে আলোচনা হওয়ার কথা।

আগামীকাল শ্রম, বুধবার বিদ্যুৎ এবং বৃহস্পতিবার পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের বাজেট প্রস্তাবের ওপর বিধানসভায় আলোচনা হবে। তবে স্বরাষ্ট্র দফতরের বাজেট নিয়ে আলোচনার বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত হয়নি।

এদিকে, সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের'ও আজ সূচনা হচ্ছে। এবারের অধিবেশনে ২০ টি অধিবেশন বসবে।

**********************

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পঠন পাঠন ফিরিয়ে আনতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পড়ুয়াদের মধ্যে আজ বৈঠক হতে চলেছে। সকাল সাড়ে ১১ টায় নির্ধারিত ওই বৈঠকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে উপাচার্য, সহ-উপাচার্য, রেজিস্ট্রার, ডিন অফ স্টুডেন্টস, এবং বিভিন্ন বিভাগের ডিন-দের পাশাপাশি ছাত্র সংগঠনগুলির দু'জন করে প্রতিনিধি উপস্থিত থাকবেন বলে বিশ্ববিদ্যালয় সূত্রের খবর।

সূত্রের খবর, শনিবারই পড়ুয়াদের ইমেল পাঠিয়ে আলোচনায় বসার কথা বলেছিলেন উপাচার্য। পাশাপাশি, বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পঠনপাঠনের পরিবেশ ফিরিয়ে আনা এবং শিক্ষাঙ্গনে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখার অনুরোধও জানান তিনি। একই মর্মে বার্তা দেয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সংগঠন জুটাও। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনের জন্য ছাত্রদের সংগত দাবিটি কর্তৃপক্ষের বিবেচনা করা উচিত বলে সাধারণ সম্পাদক পার্থ প্রতিম রায় জানিয়েছেন।

উল্লেখ্য, পড়ুয়ারা আজ দুপুর ১টার মধ্যে এগ্‌জ়িকিউটিভ কাউন্সিল (ইসি)-এর বৈঠক ডাকার দাবি জানিয়েছিলেন। সেই সময়সীমা শেষ হওয়ার আগেই কর্তৃপক্ষের বৈঠক ডাকার সিদ্ধান্তকে পড়ুয়াদের ডাকে সাড়া দেওয়ার ইঙ্গিত বলেই মনে করা হচ্ছে।

*********************

উপাচার্য ও তাঁর প্রশাসনের পক্ষপাতদুষ্ট, অস্বচ্ছ মনোভাবই যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান সংকটজনক পরিস্থিতির জন্য দায়ী বলে অধ্যাপক সংগঠন ABUTA মনে করে। সংগঠনের তরফে গতকাল এক বিবৃতিতে প্রশাসন ও শিক্ষক সংগঠনগুলির সভার যৌথ সিদ্ধান্ত এখনো প্রশাসন প্রকাশ্যে নিয়ে আসেনি কেন সেই প্রশ্ন তোলা হয়েছে।

এদিকে, শিক্ষাঙ্গনে নৈরাজ্য এবং যাদবপুর বিশ্ববিদ্যালয় চত্ত্বরে বিশৃঙ্খলার প্রতিবাদে বিজেপি গতকাল দক্ষিণ কলকাতায় ধিক্কার মিছিল বের করে। মিছিলে অংশ নিয়ে বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** বামফ্রন্ট ও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে সোচ্চার হয়ে বলেন, বিজেপি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মতো ঘটনা কখনোই বরদাস্ত করবে না। ১৬ তারিখে যাদবপুরে বিজেপি-র পক্ষ থেকে নাগরিক কনভেনশন করা হবে বলেও তিনি জানান।

( বাইট- শুভেন্দু )

রাজ্যে তৃণমূল কংগ্রেসের তৈরি ভয় ও সন্ত্রাসের বাতাবরণ ধীরে ধীরে ভাঙছে বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। গতকাল যাদবপুর কাণ্ডের প্রতিবাদে এবং অভয়ার জন্য ন্যায় বিচার সহ একাধিক দাবিতে নাগরিক মঞ্চের এক মিছিলে যোগ দিয়ে তিনি একথা বলেন।

( বাইট- সেলিম )

দক্ষিণ কলকাতার হাজরা এবং ধর্মতলা থেকে দুটি মিছিল শুরু হয়ে রবীন্দ্রসদন পর্যন্ত যায়। অভয়া মঞ্চ, জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টর্স ও ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর্স-এর প্রতিনিধি সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ প্রতিবাদে মিছিলে পা মেলান।

এদিকে, নাগরিক মিছিলের সমালোচনা করেছেন তৃণমূলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ।

( বাইট- কুণাল )

অন্যদিকে, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের তিনটি সংগঠন গতকাল RG KAR মেডিক্যাল কলেজে গণ কনভেনশনের আয়োজন করে। মেডিক্যাল সার্ভিস, সার্ভিস ডক্টর্স ফোরাম এবং নার্সেস ইউনিটি নামে ঐ সংগঠনের তরফে অভয়ার জন্য ন্যায়বিচারের দাবীতে গণ আন্দোলন চালিয়ে যাবার ওপর জোর দেওয়া হয়।

**********************

দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের বাসিন্দাদের মধ্যে কতজনের কাছে ভুয়ো ভোটার কার্ড আছে সেই তথ্য চেয়ে তৃণমুল কংগ্রেস এবার দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে ।

আগামীকাল তৃণমূল কংগ্রেসের ১০ সদস্যের একটি প্রতিনিধি দল দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে দেখা করে এপিক কার্ড ইস্যুতে তাঁর হাতে স্মারকলিপিও তুলে দেবে। এই প্রতিনিধি দলে থাকবেন তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও ব্রায়ান, ডেপুটি লিডার সাগরিকা ঘোষ, লোকসভায় দলের মুখ্য সচেতক কল্যাণ বন্দ্যোপাধ্যায়, বর্ষীয়ান সাংসদ কাকলি ঘোষ দস্তিদার, কীর্তি আজাদ সহ অন্যান্যরা।

**********************

জাল ওষুধের কারবারের প্রতিবাদে প্রদেশ কংগ্রেস আজ রাজ্যের ড্রাগ কন্ট্রোল কার্যালয়ের সামনে প্রতিবাদ কর্মসূচি পালন করবে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার একথা জানিয়ে বলেন, রাজ্যে তথা গোটা দেশে বহু ওষুধ বাতিলের তালিকায় রয়েছে। জাল ওষুধ রোধে কেন্দ্র ও রাজ্যের ড্রাগ কন্ট্রোল অথরিটি কি ভূমিকা পালন করছে তা নিয়েও প্রশ্ন তোলেন শুভঙ্করবাবু। পাশাপাশি বাজেয়াপ্ত ওষুধের তালিকা নিয়ে কংগ্রেসের কর্মীরা জেলায় জেলায় মানুষকে সচেতন করবে বলে শুভঙ্কর বাবু জানিয়েছেন।

**********************

নদীয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা মুসুর ডালের উচ্চফলন ও তাপ সহনশীল এক নতুন প্রজাতি উদ্ভাবন করেছেন। বিধান মুসুর-১৬ নামে এই প্রজাতির ডাল কম শীতেও ভাল ফলন দেবে বলে কৃষি বিজ্ঞানী ডক্টর সোমনাথ ভট্টাচার্য জানিয়েছেন। এই ডাল চাষ করে কৃষকরা উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে।

( এদিকে উত্তরবঙ্গে পরীক্ষামূলকভাবে তৈরি হচ্ছে প্রায় ১৫টি নতুন প্রজাতির ধান। এক্ষেত্রে সাফল্য এলে তা উত্তরবঙ্গের জলবায়ুর নিরিখে ধান চাষ পদ্ধতিতে আমূল পরিবর্তন আনবে বলে কৃষি বিজ্ঞানীদের আশা। পাশাপাশি এর ফলে দেশের কৃষি অর্থনীতি ক্ষেত্রে নতুন দিশা তৈরি হবে।

জলপাইগুড়ি জেলার লাটাগুড়ি-গরুমারা পর্যটনকেন্দ্রের কাছে ক্রান্তি ব্লকের দক্ষিণ চ্যাংমারিতে পরীক্ষামূলকভাবে চাষ করা হচ্ছে এই ধান। )

*********************

বাঁকুড়ার জীব বৈচিত্র্যে পূর্ণ শুশুনিয়া পাহাড়ে বারবার আগুন লাগার ঘটনা ঠেকাতে বন দফতর ও পরিবেশবিদরা লাগাতার প্রচার চালানোর সিদ্ধান্ত নিয়েছেন। পুলিশের সঙ্গে সমন্বয় রেখে ২৪ ঘন্টা পাহাড়ের সর্বত্র কড়া নজরদারি রাখার ব্যবস্থা করা হয়েছে। এজন্য গঠিত হয়েছে বিশেষ দল। পাহাড়ে নজরদারির পাশাপাশি আগুন লাগার ঘটনা ঘটলে দ্রুত তা যাতে নিয়ন্ত্রণে আনা যায় তার উদ্যোগও নেওয়া হচ্ছে। পরিবেশ সংগঠনগুলি নাচ ও গানের মাধ্যমে সচেতনতার প্রচার শুরু করেছে।

*********************

দক্ষিণ কলকাতার বিজয়গড়ে এক ক্যাব চালকের বেধড়ক মারে মৃত্যুর প্রতিবাদে এবং দোষীদের শাস্তির দাবিতে কংগ্রেস কর্মী সমর্থকরা যাদবপুর থানার সামনে গতকাল বিক্ষোভ দেখায়। কংগ্রেস নেতা প্রদীপ প্রসাদ, পুলিশের উদাসীনতা ও গাফিলতির অভিযোগ করে বলেন, দল ওই নিহত ক্যাব চালকের পরিবারের পাশে আছে।

*********************

পশ্চিম মেদিনীপুরের নারায়নগড় ব্লকের মকরমপুর এক নম্বর অঞ্চল তৃণমূল কংগ্রেস কার্যালয়ে গৃহবধূকে ধর্ষণের অভিযোগ উঠেছে অঞ্চল সভাপতির বিরুদ্ধে।

জানা গেছে, বিজেপির সমর্থক ওই গৃহবধূ গতকাল দলের সঙ্গ ত্যাগ করার মুচলেকা দিতে তৃণমূল কংগ্রেস অঞ্চল কার্যালয়ে যান। সেখানেই তাঁকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। ওই মহিলাকে মেদিনীপুর মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে।

**********************

ভারত ১২ বছর পর চ্যাম্পিয়ান্স ট্রফি ক্রিকেটে জেতায়, আনন্দে মাতোয়ারা রাজ্যের মানুষ। বিভিন্ন জায়গায় আতশ বাজি পুড়িয়ে, আবির খেলার মাধ্যমে জয় উদ্‌যাপন করেন ক্রিকেটপ্রেমীরা।

একটি প্রতিবেদন- ( ভিসি- অরিজিত দত্ত)

**********************

মহামেডান স্পোর্টিং, আজ আইএসএলে তাদের শেষ ম্যাচটি খেলবে। প্রতিপক্ষ পাঞ্জাব এফ সি। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

**********************************************************************